JAN. 24 2001

# শিক্ষামন্ত্রীর বক্তব্যের প্রতিবাদ জানিয়েছেন শিক্ষক সমিতির নেতৃবৃন্দ

**নিজস্ব বার্তা পরিবেশক ঃ** সংসদে দেয়া শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেকের বক্তব্যের প্রতিবাদ জানিয়েছে শিক্ষকদের বিভিন্ন সংগঠন। শিক্ষামন্ত্রী এক প্রশ্নের উত্তরে সংসদে গত রোববার বলেন, শিক্ষক নেতৃবৃন্দের দাবি অনুযায়ীই তৃতীয় শ্রেণীপ্রাপ্ত শিক্ষকদের এমপিওভুক্ত না করার কথা চুক্তিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। শিক্ষক নেতৃবৃন্দ শিক্ষামন্ত্রীর এ বক্তব্য সঠিক নয় বলে উল্লেখ করে এবং তার বক্তব্য প্রত্যাহারের দাবি জানিয়ে পৃথক পৃথক বিবৃতি দিয়েছেন।

বিবৃতিতে শিক্ষক নেতৃবৃন্দ তৃতীয় শ্রেণীপ্রাপ্ত শিক্ষকদের এমপিওভুক্ত করার দাবি জানান।

যে সব সংগঠন নেতা বিবৃতি দিয়েছেন ঃ শিক্ষক কর্মচারী ঐক্যজোট, শিক্ষক সমিতি (কামরুজ্জামান), শিক্ষক সমিতি (নজরুল), অধ্যক্ষ পরিষদ, কলেজ শিক্ষক সমিতি, কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি।